

## 💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১৩০৯

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৬. তাশাহ্হদের সাথে নবী (إلله ) এর প্রতি দরদ পাঠ আবশ্যক এবং প্রাসংগিক বিভিন্নরূপ হাদীস
بَابُ ذِكْرِ وُجُوبِ الصَّلَاةِ عَلَى النَّبِيِّ \_ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ فِي التَّشَهُّدِ وَاخْتِلَافِ
الرِّوَايَاتِ فِي ذَلِكَ

## আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مُحَمَّدِ بْنِ يَزِيدَ الزَّعْفَرَانِيُّ ، ثَنَا عُثْمَانُ بْنُ صَالِحِ الْخَيَّاطُ ، ثَنَا مُحَمَّدُ بْنُ مُحَمَّدِ بْنُ مُجَاهِدِ ، حَدَّثَنِي مُجَاهِدٌ ، حَدَّثَنِي ابْنُ أَبِي لَيْلَى أَوْ أَبُو مَعْمَرٍ وَلَا عَلَّمْنِي ابْنُ مَسْعُودِ التَّشَهُّدَ وَقَالَ : عَلَّمَنِيهِ رَسُولُ اللَّهِ \_ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ قَالَ : عَلَّمَنِيهِ رَسُولُ اللَّهِ \_ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ كَمَا يُعَلِّمُنَا السُّورَةَ مِنَ الْقُرَآنِ " التَّحِيَّاتُ لِلَّهِ وَالصَّلَوَاتُ وَالطَّيِبَاتُ السَّلَامُ عَلَيْكَ أَيُّهَا لَنْبِيُّ وَرَحْمَةُ اللَّهِ وَبَرَكَاتُهُ السَّلَامُ عَلَيْنَا وَعَلَى عِبَادِ اللَّهِ الصَّالِحِينَ أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا النَّبِيُّ وَرَحْمَةُ اللَّهِ وَمَرَكَاتُهُ السَّلَامُ عَلَيْنَا وَعَلَى عِبَادِ اللَّهِ الصَّالِحِينَ أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَالسَّلَامُ عَلَيْهَ وَمَلَّ عَلَى مُحَمَّد وَعَلَى آلِ بَيْتِهِ كَمَا صَلَّيْتَ اللَّهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ اللَّهُمَّ صَلِّ عَلَى مُحَمَّد وَعَلَى آلِ بَيْتِهِ كَمَا صَلَيْتُ عَلَى إِبْرَاهِيمَ إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ اللَّهُمَّ صَلِّ عَلَى مُحَمَّد وَعَلَى أَهْلِ عَلَى مُحَمَّد وَعَلَى أَلْهُ وَالْ إِبْرَاهِيمَ إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ اللَّهُمَّ صَلِّ عَلَيْنَا مَعَهُمُ اللَّهُمَّ بَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى أَهْلِ السَّعَلَى الْمَالُونُ اللَّهُ وَبَرَكَاتُهُ ". قَالَ وَصَلَوَاتُ الْمُؤْمِنِينَ عَلَى مُحَمَّد اللَّهُ مَا السَّلَامُ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللَّهُ وَبَرَكَاتُهُ ". قَالَ وَكَانَ مُجَاهِدٍ ضَعَيْفُ الْحَدِيثَ فَقَدْ سَلَّمَ عَلَى أَهُلِ السَّمَاءِ وَكَانَ مُجَاهِدٍ ضَعَعِيفُ الْحَدِيثَ وَكَانَ مُجَاهِدٍ مَعَعِيفُ الْحَدِيثِ

## বাংলা

১৩০৯(১). আহমাদ ইবনে মুহাম্মাদ ইবনে ইয়াযীদ আয-যা'ফারানী (রহঃ) ... ইবনে আবু লায়লা অথবা আবু মামার (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, ইবনে মাসউদ (রাঃ) আমাকে তাশাহহুদ শিক্ষা দিয়েছেন। আর তিনি বলেছেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে যেভাবে কুরআনের সূরা শিক্ষা দিতেন ঠিক সেভাবে আমাকে (গুরুত্ব সহকারে) তাশাহহুদ' শিক্ষা দিয়েছেন। "আত্তাহিয়্যাতু লিল্লাহি ... আবদুহু ওয়া রাসূলুহু" সমস্ত সম্মান, ইবাদত, উপাসনা ও পবিত্রতা আল্লাহর জন্য। হে নবী! আপনার উপর শান্তি বর্ষিত হোক এবং আল্লাহর রহমত ও প্রাচুর্যও। আমাদের উপর এবং আল্লাহর সংকর্মপরায়ণ বান্দাদের উপরও শান্তি বর্ষিত হোক। আমি সাক্ষ্য দেই যে,



আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই। আমি আরো সাক্ষ্য দেই যে, মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার বান্দা ও রাসূল।

"আল্লাহ্ম্মা সল্লে আলা মুহাম্মাদ ওয়া আলা আলে বায়তিহি ... ওয়া রহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ্য" (হে আল্লাহ! তুমি মুহাম্মাদ এবং তাঁর পরিবারের উপর রহমত বর্ষণ করো, যেমন তুমি ইবরাহীম (আ.)-এর উপর রহমত বর্ষণ করেছ, নিশ্চয়ই তুমি প্রশংসিত ও মহিমান্নিত। হে আল্লাহ! তাদের সাথে আমাদের উপরও রহমত বর্ষণ করো। হে আল্লাহ! মুহাম্মাদ এবং তার পরিবার-পরিজনের উপর বরকত নাযিল করো, যেমন ইবরাহীম (আ.)-এর পরিবারের উপর বরকত নাযিল করেছ। নিশ্চয়ই তুমি প্রশংসিত, মহিমান্বিত। হে আল্লাহ! তাদের সাথে আমাদের উপরও বরকত নাযিল করো। উম্মী নবী মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর উপর আল্লাহর রহমত এবং মুমিনদের দোয়া বর্ষিত হোক। রাবী বলেন, আর মুজাহিদ (রহঃ) বলতেন, কেউ সালাম ফিরিয়ে "ওয়া আলা ইবাদিল্লাহিস সালেহীন" পর্যন্ত পৌঁছলে সে সমস্ত আকাশবাসী ও পৃথিবীবাসীকেও সালাম করলো।

ইবনে মুজাহিদ হাদীসশাস্ত্রে দুর্বল।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ ইবনু আবু লায়লাহ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন